# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুসাফির সফরে বের হলে তাকে বিদায় দিন

মুসাফির সফরে বের হলে তাকে বিদায় দিন এবং তার জন্য দু‘আ করুন। তার বিদায়কালে নিম্নের দু‘আ বলুন। (ক)

أَسْتَوْدِعُ اللهَ دِيْنَكَ وَأَمَانَتَكَ وَخَوَاتِيْمَ عَمَلِكَ

উচ্চারণঃ আস্তাউদিউল্লা-হা দীনাকা অআমা-নাতাকা অখাওয়াতীমা আমালিক।

অর্থঃ আমি তোমার দ্বীন, আমানত এবং আমলের শেষ পরিণতিকে আল্লাহর নিকট গচ্ছিত রাখছি।[1]

(খ)

زَوَّدَكَ اللهُ التَّقْوى، وَغَفَرَ ذَنْبَكَ، وَيَسَّرَ لَكَ الْخَيْرَ حَيْثُ مَا كُنْتَ

উচ্চারণঃ যাউওয়াদাকাল্লা-হুত্ তাক্বওয়া অগাফারা যামবাকা অ য়্যাসসারা লাকাল খাইরা হাইসু মা কুন্তা।

অর্থঃ আল্লাহ তোমাকে তাকওয়ার পাথেয় দান করুন, তোমার গোনাহ মাফ করুন এবং যেখানেই থাক, তোমার জন্য কল্যাণকে সহজ করুন।[2]

(গ)

اَللّهُمَّ اطْوِ لَهُ الْبُعْدَ وَهَوِّنْ عَلَيْهِ السَّفَرَ

উচ্চারণঃ আল্লা-হুম্মাত্বি লাহুল বু’দা অ হাউবিন আলাইহিস সাফার।

অর্থঃ হে আল্লাহ! তুমি ওর জন্য (সফরের) দূরত্বকে সঙ্কুচিত করে দাও এবং সফরকে সহজ করে দাও।[3]
সফরকারীও সেই মুহূর্তে নিজের পরিবারের জন্য দু‘আ করবে এবং বলবে,

أَسْتَوْدِعُكُمُ اللهَ الَّذِيْ لاَ تَضِيْعُ وَدَائِعُهُ

উচ্চারণঃ আস্তাউদিউকুমুল্লা-হাল্লাযী লা তাযবীউ অদা-ইউহ।

অর্থঃ আমি তোমাদেরকে সেই আল্লাহর নিকট আমানত রাখছি যাঁর আমানত নষ্ট হয় না।[4]

## ফুটনোট

[1]. আহমদ ২/৭, সহীহ তিরমিযী ২/১৫৫

[2]. সহীহ তিরমিযী ৩/১৫৫

[3]. তিরমিযী আল মাদানী প্রকাশনী হা/৩৪৪৫

[4]. আহমাদ ২/৪০৩, সহীহ ইবনে মাজাহ ২/১৩৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন